

সৎক্রিয়াকারী দর্কা মারা গিয়েছিলেন এবং জীবন ফিরে পেয়েছিলেন।

যে কোন একটি শিশুদের দেখানোর কার্যকলাপ পছন্দ করুন।

প্রার্থনাঃ “প্রিয় প্রভু, অভাবী মানুষদের জন্য বাস্তবিক ভাবে শিশুদের প্রেম প্রদর্শন করার জন্য সাহায্য কর।”

কার্যকলাপঃ যদি সম্ভব হয় শিশুদের পাশের ক্ষুদার্থ মানুষকে খাদ্য পরিবেশনের ছবিটি রং করতে দিন।

একজন অপেক্ষাকৃত বড় শিশু অথবা শিক্ষক দর্কার গল্পটি প্রেরিত ৯ঃ৩২-৪২ পদ থেকে মুখস্থ বলবে। এটি দেখায় কিভাবে প্রথম খ্রীষ্টিয়ানরা দরিদ্রদের প্রতি যত্ন নিত।

গল্পটি বলার পরে, নীচের প্রশ্নগুলি করুন। (প্রত্যেক প্রশ্নের পরে উত্তর দেওয়া আছে)

- দর্কা কি রকম মানুষ ছিলেন? (৩৬ পদ দেখুন)
- যখন তিনি মারা গিয়েছিলেন তখন বিশ্বাসীরা কি করেছিলেন? (৩৮ পদ দেখুন)
- ঘরের মধ্যে কে ক্রন্দন করছিল? (৩৯ পদ দেখুন)
- দর্কার প্রতি দরিদ্র মানুষদের অনুভূতি কি ছিল? (৩৯ পদ দেখুন)
- দর্কাকে মৃত্যু থেকে উদ্ধার করবার পূর্বে, পৌল লোকদের কি করতে বলেছিলেন? (৪০ পদ দেখুন)
- এই আশ্চর্য কাজের ফল কি হয়েছিল? (৪২ পদ দেখুন)



একজন দরিদ্রকে সাহায্য করছেন এরূপ একটি ঘটনার অভিনয় অনুশীলন করুন।

- শিশুরা অভিনয় করে দেখাবে, যে তারা কিভাবে ব্যবহারিক জীবনে দরিদ্র মানুষদের প্রতি প্রেম প্রদর্শন করবে।
- নীচের চরিত্রগুলিতে অভিনয় করার জন্য ছেলেমেয়েদের নাম বলুন (প্রত্যেক পর্ব প্রদর্শনের প্রয়োজন নেই)ঃ

১. ক্ষুদার্থ বিধবা
২. একাকী অনাথ
৩. দুঃস্থিত বন্দী
৪. ক্লাস্ত পথচারী
৫. অসুস্থ প্রতিবেশী
৬. হারিয়ে যাওয়া শিশু যে বাড়ীর ফেরার পথ খুঁজে পাচ্ছিল না।
৭. বিশ্বাসীগণ যারা এই সমস্ত অভাবী মানুষদের সঙ্গে সাক্ষাৎ করেছিল।

- প্রত্যেক অভাবী মানুষদের তাদের সমস্যাগুলি বিশ্বাসীদের বলতে দিন। এরপর শিশুদের বলতে দিন তারা যখন সত্যি সত্যি এইরূপ সমস্যার সম্মুখীন হবে তখন তারা কি করবে।
- যদি শিশুরা ঠিকমত বলতে না পারে, তাহলে তাদের এইভাবে সহযোগীতা করুন।

১. বিধবাকে খাদ্য প্রদান।
২. অনাথ লোকের জন্য আশ্রয় সন্ধান
৩. বন্দীদের কাছে গিয়ে তাদের উৎসাহ প্রদান।
৪. পথচারীর শয়নের স্থানের ব্যবস্থা করা।
৫. অসুস্থদের জন্য প্রার্থনা করা ও তাদের প্রতি যত্ন নেওয়া।

প্রেরিত ৯ঃ৩২-৪২ পদ থেকে দর্কার গল্পটির অংশ বিশেষকে নাট্যরূপ দিন।

মূল মণ্ডলীর নেতাদের সঙ্গে নিয়ে শিশুদের এই নাটকটি প্রদর্শনের ব্যবস্থা করুন।

- যদি সময় নির্দিষ্ট করা থাকে, তাহলে কম গুরুত্বপূর্ণ বিষয়গুলি গল্পটি থেকে বাদ দিন।
- যদি যথেষ্ট শিশু না থাকে তাহলে বড়দের বলুন সাহায্য করতে।



- যতক্ষন সবাই বুঝতে পারে কি করতে হবে এবং কি বলতে হবে ততক্ষন অনুশীলন করুন।
- যখন বর্ণনাকারী গল্পটি বলবে তখন যারা অভিনয় করছে তারা প্রত্যেকে তাদের জন্য প্রযোজ্য বাইবেলে যেরূপ লেখা আছে সেইরূপ কথা বলবে ও কাজ করবে।
- অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা ছোটদের প্রস্তুত হতে সাহায্য করবে।
- অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা বা প্রাপ্ত বয়স্করা পিতর, বর্ণনাকারী এবং দর্কার চরিত্রে অভিনয় করবে। দর্কার কাছে ছুঁচ, সুতো এবং কাপড় থাকবে।
- অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা অভিনয় করবে যাকোতে থাকা যাফোর শিষ্যদের এবং বিধবাদের চরিত্রে।

বর্ণনাকারী : প্রেরিত ৯ঃ৩২-৪২ পদ থেকে দর্কার গল্পটি পড়বে বা মুখস্থ বলবে। তারপর বলবে “শুনুন দর্কা বিধবাদের কি বলেছিলেন।”

দর্কা : বললেন, “দেখ বন্ধুরা, আমি তোমাদের জন্য কাপড় সেলাই করছি। আমি জানি তোমাদের এগুলি প্রয়োজন।”

বিধবাগণ : “ওহু, তোমাকে ধন্যবাদ দর্কা।” “যাদের অভাব আছে তুমি তাদের প্রতি সর্বদাই খুব দয়ালু।”

দর্কা : নিজের মাথা ধরুন এবং শুয়ে পড়ুন। তারপর বলুন, “আমি এখন অসুস্থ বোধ করছি। আমি শুয়ে পড়ছি।” (শুয়ে পড়ুন)

শিষ্যেরা : পিতরের কাছে যান এবং বলুন, “পিতর দয়া করে আসুন! দর্কা মারা গিয়েছে!”

পিতর : দর্কাকে ঘিরে বিধবারা যেখানে রোদন করছিল সেখানে দ্রুত যাবে। বিধবাদের সেই গৃহ ছেড়ে চলে যেতে বলবে। তার জীবন ভিক্ষা করে প্রার্থনা করবে। তারপর বলবে, “দর্কা, ওঠ।”

দর্কা : উঠে বসবে এবং চারিদিকে তাকাবে।

বিধবাগণ এবং শিষ্যেরা : একসঙ্গে ঈশ্বরের আরাধনা করবে।

বর্ণনাকারী অথবা বড় ছেলে বা মেয়ে : যারা যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবে।

যদি শিশুরা বড়দের জন্য নাটকটি অভিনয় করে, তবে ওরা উপরে দেওয়া প্রশ্নগুলি থেকে বড়দের প্রশ্ন করবে।



একটি পোষাক আপনি আঁকুন যা শিশুরা দেখে দেখে অঙ্কন করবে। উপাসনার সময় এই ছবিগুলি তারা বড়দের দেখাবে এবং ব্যাখ্যা করে বলবে যে যাদের অভাব ছিল তাদের দর্কা কি দিতেন।

শিশুদের জিজ্ঞাসা করুন : দরিদ্রদের আর অন্য কি কি উপায়ে আমরা সাহায্য করতে পারি? শিশুদের এবং বড়দের উদাহরণ দিতে বলুন।

কবিতা : যে কোন চারটি ছেলেমেয়ের প্রত্যেকে একটি করে পদ মুখস্থ বলবে **হিতোপদেশ ১১ঃ১৬, ২৪, ২৫ এবং ২৮ পদ থেকে।**

মুখি ২৫ঃ৪০ পদ মুখস্থ করুন।

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা দরিদ্রদের পরিচর্যার বিষয়ে কবিতা, গান অথবা নাটক লিখতে পারে।

প্রার্থনা : “প্রভু, অনাথদের, বিধবাদের এবং অভাবী মানুষদের পরিচর্যা করতে তুমি আমাদের সাহায্য কর। তুমি যেমন তাদের ভালবাস, আমরাও যেন তাদের সেইরূপ ভালবাসতে পারি। আমাদের দেখিয়ে দাও কেমন করে আমরা দর্কার মত তাদের পরিচর্যা

করতে পারি।”